

২৪টি শিক্ষা প্রতিষ্ঠানের কেউ পাস করেনি

জবি প্রতিনিধি

গত বছরের মতো এবারও এইচএসসি পরীক্ষায় মোট ২৪টি শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষার্থী পাসের সুখ দেখেনি। অপরদিকে শতভাগ পাস করা শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ১-মাজার ৩৬টি। গত বছর শতভাগ পাস করা শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৮৯২টি। এর আগের বছর এ সংখ্যা ছিল ৭১৪টি। এবার তুলনামূলকভাবে শতভাগ পাস করা শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা বেড়েছে। শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, যেসব শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোন শিক্ষার্থী পাস করতে পারেনি তাদের এমপিও স্থগিত করা হবে। একই সঙ্গে এ ত্রুটিবির কারণ খতিয়ে দেখার জন্য তদন্ত সাপেক্ষে

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। শতভাগ ফেল করা শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ঢাকা বোর্ডের ৬টি, রাজশাহী বোর্ডের ৪টি, যশোর বোর্ডের ১টি, বরিশাদ বোর্ডের ৩টি ও দিনাজপুর বোর্ডের ৫টি। এছাড়া মাদ্রাসা জায়েহ ২টি ও কারিগরি ইন্সটিটিউট ৩টি। তবে কুবিয়া, চট্টগ্রাম ও সিলেট বোর্ডে এ বছরের কোন প্রতিষ্ঠান নেই। গত বছর শতভাগ ফেল করা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ২৪টি। ২০১০ সালে শতভাগ ফেল করা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ২৫টি। ২০০৯ সালে শতভাগ ফেল করা শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৪১টি। যদিও এর আগের এ সংখ্যা বছরে বছরে কমছিল। ২০০৩ করেনি: পৃষ্ঠা ১৯: কলাম ৬

করেনি: পাস

(শেষ পৃষ্ঠার পর)

সালে মোট ৩০০টি শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ শিক্ষার্থী ফেল করেছিল। ২০০৪ সালে সেই সংখ্যা কমে ২৬৮টি হয়। ২০০৫ সালে এই সংখ্যা আরও কমে হয় ১৩১টি। ২০০৬ সালে এই সংখ্যা দাঁড়ায় মাত্র ৭০টিতে। ২০০৮ সালে আরও কমে দাঁড়ায় ৬০টিতে। অপরদিকে শতভাগ পাস করা শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ঢাকা বোর্ডে ৫৬টি, রাজশাহী বোর্ডে ১২টি, কুবিয়া বোর্ডে ৬টি, যশোর বোর্ডে ৪টি, চট্টগ্রাম বোর্ডে ৫টি, বরিশাদ বোর্ডে ৫টি, সিলেট বোর্ডে ১২টি, দিনাজপুর বোর্ডে ১২টি, মাদ্রাসা বোর্ডে ৭৬৭টি ও কারিগরি বোর্ডে ১৫৭টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে।